

স্মারক নং-১২.০১.৪৪০০.২৭০.৩২.০২.২১.৪৬২

তারিখ: ১৬/১১/২০২৩খ্রি.


উপবৃত্তির নোটিশ

কারিগরি শিক্ষা অধিদপ্তরের ১৪.১১.২০২৩ তারিখের স্মারক নং-৫৭.০৩.০০০০.০১০.৪০.০০২.২৩.১৮৩ মোতাবেক অত্র ইনস্টিটিউটের ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার শিক্ষাক্রমের ১ম ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম শিক্ষার্থীদের ২০২৩-২৪ অর্থবছরের জুলাই-ডিসেম্বর/জানুয়ারি-জুন, ২০২৩ মেয়াদে উপবৃত্তি প্রদানের লক্ষ্যে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে। উপবৃত্তির জন্য আবেদন ফর্ম যথাযথভাবে পূরণ করে আগামী ০৩/১২/২০২৩ তারিখের মধ্যে অত্র ইনস্টিটিউটে জমা প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো। উল্লেখ্য ইতোপূর্বে যে সকল শিক্ষার্থী উপবৃত্তি পেয়েছে অথবা উপবৃত্তির জন্য আবেদন করেছে এবং এমআইএস সফটওয়্যারে ডাটা এন্ট্রিকরা হয়েছে তাদেরকে আর নতুন করে আবেদন করার প্রয়োজন নাই।

বর্তমান অধ্যয়নরত পর্বের নাম	যে মেয়াদের জন্য আবেদন করতে হবে	অত্র ইনস্টিটিউটে জমা দেওয়ার শেষ সময়
১ম পর্ব(সেশন: ২০২৩-২৪)	জুলাই-ডিসেম্বর, ২০২৩	০৩/১২/২০২৩ তারিখের মধ্যে অত্র ইনস্টিটিউটে জমাদিতে হবে। (অফিস চলাকালীন সময়ে) নির্ধারিত সময়ের পর আর কোন আবেদন গ্রহণ করা হবে না।
২য় পর্ব (সেশন:২০২২-২৩)	জানুয়ারি-জুন, ২০২৩	
৪র্থ পর্ব (সেশন:২০২১-২২)	জানুয়ারি-জুন, ২০২৩	
৬ষ্ঠ পর্ব (সেশন:২০২০-২১)	জানুয়ারি-জুন, ২০২৩	
৮ম পর্ব (সেশন:২০১৯-২০)	জানুয়ারি-জুন, ২০২৩	

বি.দ্র:-


- উপবৃত্তির আবেদন ফরম (SAF) কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঝিনাইদহ এর ওয়েবসাইটে নোটিশ বোর্ডে (ati.jhenaidah.gov.bd) পাওয়া যাবে।
- যে সকল শিক্ষার্থী পূর্বে আবেদন করেছে বা শিক্ষার্থীর তথ্য পূর্বে এন্ট্রি করা হয়েছে তাদেরকে আর নতুন করে আবেদন করার প্রয়োজন নাই।
- ব্যাংক একাউন্ট বা মোবাইল ব্যাংকিং একাউন্ট পিতা/মাতা/অভিভাবক এর এনআইডি দিয়ে খোলা হতে হবে। একাউন্টধারীর জাতীয় পরিচয়পত্রের নামের সাথে একাউন্টের নামের মিল থাকতে হবে।
- প্রয়োজনীয় কাগজপত্র (ফরমের পিছনে উল্লেখ আছে) ও পাসপোর্ট সাইজের ১ কপি রঙিন ছবি আবেদন পত্রের সাথে প্রেরণ করতে হবে।
- একই একাউন্ট নম্বর একাধিক ব্যক্তির সামাজিক নিরাপত্তা বেটনীর অর্থ প্রাপ্তির ক্ষেত্রে ব্যবহার করা যাবে না।
- মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস গেটওয়ে (যেমন: নগদ,বিকাশ,রকেট,এম-ক্যাশ, ইত্যাদি) কর্তৃক একাউন্ট নম্বর ব্লক আছে কিনা তা যাচাইপূর্বক তথ্য প্রদান করতে হবে।
- কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্দেশিত নীতিমালা/বিজ্ঞপ্তি অনুযায়ী উপযুক্ত শিক্ষার্থীগণ উপবৃত্তি প্রাপ্ত হবে।
- পূর্বে আবেদনকৃত শিক্ষার্থীদের কোন তথ্য সংশোধন থাকলে তাহলে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে হবে।


প্রিন্সিপাল

কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট
ঝিনাইদহ।

ফোন: ০২৪৭৭৭৪৬০২২

ইমেইল: principalatijhenaidah@dae.gov.bd


১৬/১১/২৩